

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

ওয়েব সাইট: www.rdodtekhulna.gov.bd
ই-মেইল: rdokhulna@gmail.com

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৫৬১

তারিখ : ৩১/১২/২০২৯ খ্রিঃ

বিষয় : বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ মোতাবেক শিক্ষার্থী ভর্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ প্রাপ্তির জন্য নির্ধারিত শিক্ষার্থী, পরীক্ষার্থী এবং পাশের হার থাকতে হবে। সে মোতাবেক ২০২০ সেশনে নবম শ্রেণিতে নীতিমালা মোতাবেক শিক্ষার্থী ভর্তির নির্দেশনা প্রদান করা হলো। প্রতিষ্ঠানে কাম্য শিক্ষার্থী না থাকলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

‘ছক-১’

বেতন-ভাতার সরকারি অংশ প্রাপ্তির জন্য নির্ধারিত শিক্ষার্থী সংখ্যা

শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ	সহশিক্ষা ও শুধু বালক প্রতিষ্ঠানের জন্য	শুধু বালিকাদের জন্য
মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট	প্রতি ট্রেডে ৪০ জন	প্রতি ট্রেডে ৪০ জন
দাখিল ভোকেশনাল মাদ্রাসা	প্রতি ট্রেডে ৪০ জন	প্রতি ট্রেডে ৪০ জন
উচ্চ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট	প্রতি ট্রেডে ৪০ জন	প্রতি ট্রেডে ৪০ জন

‘ছক-২’

বেতন-ভাতার সরকারি অংশ প্রাপ্তির ক্ষেত্রে পাবলিক পরীক্ষায় নির্ধারিত ফলাফল

প্রতিষ্ঠানের প্রকৃতি	পরীক্ষার্থীর ন্যূনতম সংখ্যা	পাশের ন্যূনতম হার
মাধ্যমিক ও কারিগরি ভোকেশনাল ইনস্টিটিউট	প্রতি ট্রেডে ৩০ জন	৭০%
দাখিল ভোকেশনাল মাদ্রাসা	প্রতি ট্রেডে ৩০ জন	৭০%
উচ্চ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট	প্রতি ট্রেডে ৩০ জন	৭০%

২০২০ সেশনে শিক্ষার্থী ভর্তির জন্য আপনার প্রতিষ্ঠানে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা অত্র দপ্তরকে আগামী ১৫/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বঃ/-

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

প্রাপক :

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক,
এসএসসি(ভোকঃ) স্কুল/সতন্ত্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (খুলনা অঞ্চল)।

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৫৬১ (৩)

তারিখ : ৩১/১২/২০১৯ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিঃ ও উন্নঃ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক, (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সংরক্ষণ নথি।

M. A. 31.12
2019

(শেখ মুস্তাফিজুর রহমান)

আঞ্চলিক পরিদর্শক

কারিগরি শিক্ষা অধিদপ্তর,

খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

৩১/১২/১৯